

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন-২ শাখা  
www.moha.gov.bd

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.৩০০

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অতিবাস জরিমানা মওকুফপূর্বক 'Exit Visa' প্রদান সংক্রান্ত

সূত্র: (১) স্পেশাল ব্রাঞ্চ (এসবি)র স্মারক নং-৪৪.০১.০০০০.০৮৮.৫০.০০০.২৬, তারিখ: ২৬.০৪.২০২৬

(২)Wang Zhao Yang এর আবেদন, তারিখ: ১৮.০৪.২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের ছায়াছবি এ সাথে সংযুক্ত করা হলো। সংযুক্ত পত্রে বর্ণিত Chinese নাগরিক Wang Zhao Yang (PP.No-EM6416611), Yang Jing (PP.No-EM2094822) এবং Wang Zhaofeng ( PP.No-E69574565 ) তাদের বিরুদ্ধে গত ২৭.০৮.২০২৪ খ্রি. তারিখে কাশিমপুর থানায় মামলা নং ০৪ (০৮)২৪ রুজু করা হয়েছিলো। আলোচ্য মামলায় তারা গ্রেপ্তার হয়ে জেলখানায় যান এবং সেখানে দীর্ঘদিন কারাবাস করেন। সে সময়ে তাদের পাসপোর্ট জব্দ করা হয়। পরবর্তীতে তাঁরা জামিন পেলেও তাদের পাসপোর্ট জব্দ থাকার কারণে ভিসার মেয়াদ বৃদ্ধি করতে পারেননি। প্রার্থীগণের বর্ণিত মামলায় কোন সম্পূর্ণতা না থাকায় বিজ্ঞ নারী ও শিশু দমন নির্যাতন দমন ট্রাইব্যুনাল, গাজীপুর গত ১৫/০৩/২০২৬ খ্রি. মামলার দায় হতে অব্যাহতি প্রদান করেন। পরবর্তীতে তাঁরা পাসপোর্ট ফেরত পান। দীর্ঘদিন মামলা চলমান থাকায় তাঁরা আর্থিক দৈন্যতার মধ্যে জীবন যাপন করছেন।

০২। এমতাবস্থায়, স্পেশাল ব্রাঞ্চ (এসবি)র প্রতিবেদন ও প্রার্থীর আবেদন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত পরিপত্র নং-৫৮.০০.০০০০.০৪১.১৯.০০১.১৮-৩৩৪, তারিখ-০৪/১২/২০২৪ খ্রি. এর ৩ (খ) অনুসারে, অন্যান্য কারণ: এর Chinese নাগরিক Wang Zhao Yang ( PP.No-EM2094822 ), Yang Jing (PP.No-EM2094822) এবং Wang Zhaofeng (PP.No-E69574565)-এর অনুকূলে অতিবাস জরিমানা মওকুফপূর্বক 'Exit Visa' প্রদানের বিষয়ে এ মন্ত্রণালয়ের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল : immigrationbr2@moha.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।

স্মারক নম্বর: ৪৪.০০.০০০০.০০০.১৩৫.০২.০০০১.২৫.৩০০/১ (২)

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৬ মে ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২। সিস্টেম এনালিস্ট-১, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।



A handwritten signature in black ink, appearing to be 'Arifur Rahman'.

০৬-০৫-২০২৬

কাজী আরিফুর রহমান  
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)